ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ আইন, ১৯৮৮

১৯৮৮ সনের ১ নং আইন

[১২ মে, ১৯৮৮]

বন্যাজনিত কারণে অতিরিক্ত ব্যয় নির্বাহের জন্য ও বন্যাত্তোর পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়নের প্রয়োজনে অতিরিক্ত রাজস্ব সংগ্রহকল্পে প্রণীত আইন।

যেহেতু বন্যাজনিত কারণে অতিরিক্ত ব্যয় নির্বাহের জন্য ও বন্যাত্তোর পুনর্বাসন কর্মসূচী বাস্তবায়নের প্রয়োজনে অতিরিক্ত রাজস্ব সংগ্রহকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন

১। (১) এই আইন ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ [১][* * *] আইন, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা ৩রা আশ্বিন, ১৩৯৪ বাং মোতাবেক ২০শে সেপ্টেম্বর, ১৯৮৭ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ [২][* * *] আরোপ

২। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন,–

(ক) প্রথম তফসিলে উল্লিখিত বিষয়সমূহের উপর উহাদের প্রত্যেকটির বিপরীতে উল্লিখিত হারে ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ [৩][* * *]

[৪][* * *]

ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ [৫][* * *] আদায়

৩। সরকার কর্তৃক, সরকারী গেজেটে বিজ্ঞপ্তি দ্বারা, প্রণীত বিধি অনুসারে এই আইনের অধীন ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ [৬][* * *] আদায় করা যাইবে।

রহিতকরণ ও হেফাজত

৪। (১) ত্রাণ ও পুনর্বাসন সারচার্জ ও লেভী অধ্যাদেশ ১৯৮৭ (অধ্যাদেশ নং ১৪, ১৯৮৭) এতদ্বারা রহিত করা হইল।

---

[১] "ও লেভী" শব্দগুলো অর্থ আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩৩ নং আইন) এর ১০ ধারাবলে বিলুপ্ত।

[২] "ও লেভী" শব্দগুলো অর্থ আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩৩ নং আইন) এর ১০ ধারাবলে বিলুপ্ত।

[৩] "; এবং" সেমিকোলন ও শব্দটি অর্থ আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩৩ নং আইন) এর ১০ ধারাবলে বিলুপ্ত।

[৪] দফা (খ) অর্থ আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩৩ নং আইন) এর ১০ ধারাবলে বিলুপ্ত।

[৫] "ও লেভী" শব্দগুলো অর্থ আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩৩ নং আইন) এর ১০ ধারাবলে বিলুপ্ত।

[৬] "ও লেভী" শব্দগুলো অর্থ আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩৩ নং আইন) এর ১০ ধারাবলে বিলুপ্ত।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশ এর অধীন কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত বলিয়া গণ্য হইবে।

প্রথম তফসিল

ত্রাণ ও পূনর্বাসন সারচার্জ

(ধারা ২(ক) দ্রষ্টব্য)

সারচার্জের বিষয়	সারচার্জের হার
১। ১৯৮৭-৮৮ কর বৎসরে (assesment year) আয়কর প্রযোজ্য এমন ধরণের আয়।	Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর অধীন দেয় আয়কর (Income Tax) এর ৬ শতাংশের সমপরিমাণ।
২। এই আইন প্রবর্তনের তারিখ হইতে ১৯৮৮ সালের ৩০শে জুন (উভয় তারিখ অন্তর্ভুক্ত) পর্যন্ত আবগারী শুল্কযোগ্য (Excisable) narcotics, liquor, সিগারেট, সিনেমা, হোটেল, রেস্তোরা এবং হালকা পানীয় (beverage)।	Excise Act, 1909 (Ben. Act V of 1909) ও Excises and Salt Act, 1944 (I of 1944) এর অধীন দেয় আবগারী শুল্ক (Excise duty) এর,- (ক) Narcotics, Liquor ও সিগারেটের ক্ষেত্রে, ১০ শতাংশের সমপরিমাণ এবং
	(খ) সিনেমা, হোটেল, রেস্তোরাঁ এবং হালকা পানীয় (beverage) এর ক্ষেত্রে ..... শতাংশের সমপরিমাণ।

দ্বিতীয় তফসিল

[*অর্থ আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩৩ নং আইন) এর ১০ ধারাবলে বিলুপ্ত*]